

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি কলেজগুলোর মধ্যে রাজশাহী কলেজ টানা দ্বিতীয়বারের মতো ‘দেশসেরা কলেজ’ নির্বাচিত হয়েছে। এটি ২০১৮ সালের র‍্যাংকিং। এর আগে ২০১৭ সালেও এ কলেজটি দেশসেরা নির্বাচিত হয়েছিল। মাঝে কয়েক বছর করোনা ভাইরাসের কারণে র‍্যাংকিং কার্যক্রম বন্ধ ছিল। গতকাল মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সিনেট হলে এ ফল ঘোষণা করা হয়। পরে এক বিজ্ঞপ্তি ও ওয়েবসাইটে ফলের তথ্য প্রকাশ করা হয়।

এতে বলা হয়, ২০১৮ সালের কলেজ র‍্যাংকিংয়ে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ পাঁচ কলেজের মধ্যে প্রথম হয়েছে রাজশাহী কলেজ। দ্বিতীয় অবস্থানে আছে পাবনার সরকারি এডওয়ার্ড কলেজ। বগুড়ার সরকারি আজিজুল হক কলেজ তৃতীয়, ময়মনসিংহের আনন্দ মোহন কলেজ চতুর্থ ও রংপুরের কারমাইকেল কলেজ পঞ্চম স্থানে রয়েছে।

advertisement

জাতীয় পর্যায়ে ‘সেরা মহিলা কলেজ’ নির্বাচিত হয়েছে ঢাকার লালমাটিয়া মহিলা কলেজ। এ ছাড়া জাতীয় পর্যায়ে ‘সেরা বেসরকারি কলেজ’ নির্বাচিত হয়েছে ঢাকা কমার্স কলেজ। এর আগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৮৮১টি স্নাতক (সম্মান) কলেজের পারফরম্যান্সের ভিত্তিতে ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের কলেজ র‍্যাংকিং ফল প্রকাশ করা হয়। ২০১৮ সালের কলেজ র‍্যাংকিংয়ের জন্য অনলাইনে তথ্য প্রেরণের আহ্বান জানিয়ে ২০১৯ সালের ৩ মার্চ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।